অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

টোনাওয়ান্ডায় ফার্মাসিউটিকাল প্ল্যান্টের ৪.6 মিলিয়ন ডলারের সম্প্রসারণের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

অর্থনৈতিক উন্নয়নের জন্য প্রণোদনা পাওয়ার ফলে পাইন ফার্মাসিউটিক্যালস পূর্ণকালীন কর্মসংস্থান দ্বিগুণ করেছে

উদ্ভাবনী ব্যবসায়ের প্রবৃদ্ধি এবং প্রযুক্তি উৎপাদনে স্টেটের ভবিষ্যতকে সহায়তা করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে তুলে ধরে

সম্প্রসারিত ফ্যাসিলিটির ছবি দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ টোনাওয়ান্ডা শহরে পাইন ফার্মাসিউটিক্যালস এলএলসি-র উৎপাদন কারখানার ৪.6 মিলিয়ন ডলারের সম্প্রসারণ কাজ সমাপ্ত হয়েছে বলে ঘোষণা করেছেন। এই ড্রাগ আউটসোর্সিং কোম্পানি গত তিন বছরে কোম্পানির অসাধারণ প্রবৃদ্ধির পরে রিভারভিউ সোলার টেকনোলজি পার্কে এর ফ্যাসিলিটির আকার তিনগুণ বাড়িয়েছে। সম্প্রসারণের ফলে পাইন প্রায় 90 জন নতুন, পূর্ণ-কালীন স্থায়ী কর্মী নিযুক্ত করতে পেরেছে, যা এর প্রাথমিক প্রাক্কলন এবং সামগ্রিকভাবে পূর্ণ-কালীন স্থায়ী কর্মীর সংখ্যা দ্বিগুণ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্মদক্ষতা-ভিত্তিক এক্সেলসিয়র জবস কর্মসূচি ট্যাক্স ক্রেডিটের মাধ্যমে এই প্রকল্পকে 650,000 ডলার পর্যন্ত সহায়তা করতে সম্মত হয়েছে।

"উৎপাদন নিউ ইয়র্কের ঐতিহ্যের অংশ, এবং আমাদের স্টেট বিশ্বের সেরা ইঞ্জিনিয়ার, ডেভেলপার ও বিজ্ঞানীদের বাড়ি," **বলেছেন গভর্নর হোকল।** "ওয়েস্টার্ন নিউ ইয়র্কে পাইন ফার্মাসিউটিক্যালসের বিনিয়োগ যুক্তরাষ্ট্রে উৎপাদিত ওষুধের জন্য গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করতে, অত্যন্ত প্রয়োজনীয় কর্মসংস্থান বজায় রাখতে ও তৈরি করতে এবং আমাদের স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে জোরদার করতে সাহায্য করবে।"

পাইন ফার্মাসিউটিক্যালস একটি পরিবারিক মালিকানাধীন ব্যবসা যা পশ্চিম নিউ ইয়র্কে বিপুল প্রবৃদ্ধি ও সাফল্যের অভিজ্ঞতা অর্জন করেছে। এই কোম্পানি ফার্মাসিউটিক্যাল কম্পাউন্ডিং সরবরাহ করে, যার মধ্যে রয়েছে অপলাথমোলজিস্ট, রেটিনাল স্পেশালিস্ট, হাসপাতাল, অ্যাম্বুলেটরি সার্জারি সেন্টার, মেডিকেল প্র্যাক্টিস ও ক্লিনিকে সরবরাহকৃত বিশেষায়িত স্টেরাইল ফর্মুলেশন। কোম্পানিটি অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার এবং শিল্পে নেতৃত্বদানকারী গুণমান

নিশ্চিতকরণ অনুশীলন করে এবং স্টেরাইল কম্পাউন্ডেড ফার্মাসিউটিক্যাল সরবরাহ করার জন্য হাসপাতাল, ক্লিনিক, মেডিকেল প্র্যাকটিস ও চিকিৎসকের অফিসের সাথে কাজ করার মাধ্যমে ওষুধের ঘাটতি পূরণ করে।

পাইন ফার্মাসিউটিক্যালস বিদ্যমান অত্যাধুনিক ফ্যাসিলিটিতে 50,000-বর্গফুট সংযোজনের জন্য 8.6 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছে। ফার্মটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) থেকে কম খরচে বিদ্যুৎ বরাদ্দ থেকেও সুবিধা পেয়ে থাকে: চাকরি তৈরি ও বজায় রাখা এবং পুঁজি বিনিয়োগ করার অঙ্গীকারের অংশ হিসেবে এটি 400-কিলোওয়াট (kW) নায়াগ্রা জলবিদ্যুৎ এবং 136-কিলোওয়াট রিচার্জ NY (ReCharge NY) বিদ্যুৎ বরাদ্দ পেয়ে থাকে। রিচার্জ NY, নিউ ইয়র্ক স্টেট কর্তৃক 2011 সালে চালু করা হয়েছে, যা সাত বছর পর্যন্ত বিদ্যুৎ চুক্তি অফার করে থাকে৷ বিদ্যুতের অর্ধেক - 455 মেগাওয়াট - NYPA এর নায়াগ্রা এবং সেন্ট লরেন্স-ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট জলবিদ্যুৎ কেন্দ্র থেকে আসে, যা স্টেটের সবুজ, পরিচ্ছন্ন এবং সর্বনিম্ন খরচে বিদ্যুতের কিছু অংশ সরবরাহ করে। অবশিষ্ট 455 মেগাওয়াট NYPA কর্তৃক পাইকারি বাজার থেকে ক্রয়কৃত কম খরচের বিদ্যুৎ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "স্বাস্থ্যসেবা শিল্প ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অর্থনীতিতে একটি ক্রমবর্ধমান খাত, এবং গভর্নর হোকলের সহায়তায়, পাইন ফার্মাসিউটিক্যালসের মতো ব্যবসা স্থানীয় কর্মীদের জন্য আরো ভালো মানের চাকরি সৃষ্টি করছে। 40টি পূর্ণ-কালীন চাকরি যুক্ত করার পাশাপাশি কোম্পানির ফ্যাসিলিটির আকার তিনগুণ করার পদক্ষেপ আমাদের মনে করিয়ে দেয় যে কোভিড-19 থেকে আমাদের পুনরুদ্ধারের কাজ ভালোভাবে চলছে।"

পাইন ফার্মাসিউটিক্যালসের মালিক আলফন্স মুটো বলেন, "আমাদের সম্প্রসারণ প্রক্রিয়া চলাকালীন নিউ ইয়র্ক স্টেট আমাদেরকে যে সমর্থন দেখিয়েছে তার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ। আমরা এখানে ওয়েস্টার্ন নিউইয়র্কে কয়েক ডজন নতুন চাকরি তৈরি করে এবং প্রয়োজনীয় ওষুধ সরবরাহ করার মাধ্যমে দায়িত্ব পালনের ক্ষেত্রে নেতৃত্ব দিতে পেরে গর্বিত যা সারা দেশে রোগীদের পরিচর্যা নাটকীয়ভাবে উন্নত করবে।"

স্টেরাইল কম্পাউন্ডিং ফ্যাসিলিটির নতুন এক-তলা সম্প্রসারণে রয়েছে ওয়্যারহাউজ, মান নিয়ন্ত্রণ ও উৎপাদনের স্থান। অন্যান্য উল্লেখযোগ্য বিনিয়োগের মধ্যে ISO-প্রত্যয়িত ক্লিনরুম ও উৎপাদন সরঞ্জাম অন্তর্ভুক্ত। কোম্পানি আইভি (IV) ব্যাগ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পণ্য উৎপাদন, পাশাপাশি পরিদর্শন, প্যাকেজিং, লেবেল ও সংরক্ষণের জন্য অতিরিক্ত স্থান ব্যবহার করবে। পুরো বিল্ডিংটি শুরু থেকে FDA এর কারেন্ট গুড ম্যানুফ্যাকচারিং প্র্যাকটিস (Current Good Manufacturing Practice, CGMP) মেনে চলার জন্য নকশা করা হয়েছে।

স্টেট সিনেটর সিয়ান রায়ান বলেন, "কিভাবে স্থানীয় ব্যবসার প্রবৃদ্ধিকে সমর্থন করা আমাদের আঞ্চলিক অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে পাইন ফার্মাসিউটিক্যালসের সম্প্রসারণ তার একটি চমৎকার উদাহরণ। ওয়েস্টার্ন নিউইয়র্কে তাদের কার্যক্রম সম্প্রসারিত করার এবং টোনাওয়ান্ডা শহরে কয়েক ডজন নতুন চাকরি আনার সিদ্ধান্তের জন্য আমি কোম্পানির লিডারশিপ টিমের প্রশংসা করি।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম কনর‍্যাড বলেন, "পাইন ফার্মাসিউটিক্যালসের প্রায় 9 মিলিয়ন ডলারের সম্প্রসারণ - যা ক্রমবর্ধমান রিভারভিউ সোলার টেকনোলজি পার্কে এর ফ্যাসিলিটির আকারকে তিনগুণ করেছে এবং আমাদের অঞ্চলের প্রাণ বিজ্ঞান খাতে 40টি পূর্ণ-কালীন চাকরি যুক্ত করেছে - মহামারীর প্রাক্কালে ওয়েস্টার্ন নিউইয়র্কের অর্থনৈতিক স্থিতিশীলতার একটি সুস্পষ্ট প্রতীক। এটি টোনাওয়ান্ডা শহরের জন্য উল্লেখযোগ্য অগ্রগতি এবং পরিচ্ছন্ন, সবুজ, আরো হাঁটার যোগ্য উন্নয়নের মাধ্যমে ওয়াটারফ্রন্ট পুনরায় কল্পনা করার দৃঢ় লক্ষ্যের প্রতিনিধিত্ব করে। আমি পাইন ফার্মাসিউটিক্যালসকে টোনাওয়ান্ডায় বিনিয়োগ অব্যাহত রাখার জন্য ধন্যবাদ জানাই, এবং আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট এই ক্রমবর্ধমান পরিবারিক মালিকানাধীন ব্যবসায়ের সাথে তার অংশীদারিত্বে আমাদের সকলের গুরুত্বকে স্বীকৃতি দিয়েছে।"

টোনাওয়ান্ডা টাউনের সুপারভাইজার বলেন, "এই সম্প্রসারণ টোনাওয়ান্ডার বাণিজ্যিক ভিত্তির অব্যাহত উন্নয়নের জন্য উষ্ণ সংযোজন এবং পাইন ফার্মাসিউটিক্যালসের সাফল্যের সাথে যুক্ত হবে, যারা টোনাওয়ান্ডা শহরে দেশের নেতৃস্থানীয় FDA-নিবন্ধিত আউটসোর্সিং ফ্যাসিলিটির মধ্যে অন্যতম একটি পরিচালনা করার জন্য বেছে নিয়েছেন।"

মন্ট্যান্ট কনস্ট্রাকশনের প্রেসিডেন্ট ডগলাস এলিয়া বলেন, "মন্ট্যান্ট কনস্ট্রাকশন রিভারভিউ সোলার টেকনোলজি পার্কে উৎপাদন ফ্যাসিলিটি সম্প্রসারণের জন্য আবারো পাইন ফার্মাসিউটিক্যালসের অংশীদার হতে পেরে গর্বিত। আমাদের টিম প্রযুক্তিগতভাবে চ্যালেঞ্জিং একটি স্থান নির্মাণের জন্য একত্রিত হয়েছিল, যার মধ্যে রয়েছে ক্লিনরুম যা দূষণকারী পদার্থ সীমিত করে এবং তাপমাত্রা, আর্দ্রতা ও চাপের মতো পরিবেশগত নিয়ামকগুলি নিয়ন্ত্রণ করে। আমরা পাইনের সাথে ভবিষ্যত অংশীদারিত্বের জন্য আগ্রহী কারণ তারা ওয়েস্টার্ন নিউ ইয়র্কে মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে স্বাস্থ্যসেবা প্র্যাকটিস, ক্লিনিক, হাসপাতাল এবং অন্যান্য ফ্যাসিলিটির জন্য উচ্চ-চাহিদাসম্পন্ন চিকিৎসা পণ্য তৈরির ক্ষেত্রে এগিয়ে চলেছে।"

পাইন ফার্মাসিউটিক্যালস সম্পর্কে

পাইন ফার্মাসিউটিক্যালস একটি FDA-নিবন্ধিত, CGMP-পরিপালনকারী, 503B আউটসোর্সিং ফ্যাসিলিটি। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন www.PinePharmaceuticals.com ওয়েবসাইটে অথবা আমাদের পণ্য ও সেবা সম্পর্কে আরো জানার জন্য 844-218-4138 নম্বরে ফোন করুন।

###